শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদের জানুয়ারি-২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আজমল হোসেন
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর
তারিখঃ ১৮ জানুয়ারি ২০২৪ খ্রি.
সময়ঃ সকাল ১০.৩০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"ক" এবং অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"খ"তে দেখানো হয়।

সভার শুরুতে সভাপতি জনাব মোঃ সিদ্দিকুল আলম, নবনির্বাচিত মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫ নীলফামারী-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়সহ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা পরিচালনার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে এজেন্ডাভিত্তিক সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচনা-১ঃ গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ**
সভায় বিগত ৩১.১২.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**সিদ্ধান্ত-১ঃ** বিস্তারিত আলোচনান্তে গত ৩১.১২.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচনা-২ঃ উপজেলা পরিষদের কমিটির সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**
আলোচ্য সময়ে উপজেলা কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্ত-২ঃ** বিস্তারিত আলোচনান্তে কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা-৩ঃ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**
আলোচ্য সময়ে কোন সরকারি পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্ত-৩ঃ** সরকারি পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা-৪ঃ মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-**
মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫ নীলফামারী-৪ মহোদয় সকল দপ্তর প্রধানকে তাঁদের দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার অনুরোধ জানান।

**সিদ্ধান্ত-৪ঃ** সকল দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

## বিভাগীয় আলোচনাঃ

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল দপ্তর | **আলোচনা-৫ঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, এ উপজেলায় মোট আইডিভুক্ত ১৫৩টি সড়ক রয়েছে। মোট রাস্তার দৈর্ঘ্যের পরিমাণ ৩২১ কিঃ মিঃ, তন্মধ্যে ১৫৯ কিঃ মিঃ রাস্তা পাকা। বর্তমানে ১৩টি রাস্তার কাজ চলমান রয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের PEDP প্রকল্পের আওতায় ০৪টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। এছাড়াও ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। | **সিদ্ধান্ত-৫ঃ**<br>১) ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২) ইউনিয়ন পরিষদ ভবনসমূহের মেরামতের প্রাক্কলন প্রস্তুতপূর্বক বিধি মোতাবেক উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| নারী বান্ধব ও নারী উন্নয়ন বিষয়ক | **আলোচনা-৬ঃ** উপজেলা পরিষদের মহিলা ভাইস-চেয়ারম্যান সভায় নারী উন্নয়ন তথা উন্নয়নমূলক কাজে নারীদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করেন। | **সিদ্ধান্ত-৬ঃ** বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়ন ক্ষেত্রে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও নারীদের জন্য বিভিন্ন সরকারি সুবিধাসমূহ বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। মহিলা ভাইস-চেয়ারম্যান |



CamScanner

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | আলোচনা-৭.১ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, হাসপাতালের আউটডোর চিকিৎসা কার্যক্রম চালু রয়েছে। ১৪টি কমিউনিটি ক্লিনিকের সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ভ্যাকসিনেশনসহ স্বাস্থ্যসেবা প্রদান অব্যাহত রয়েছে। এছাড়াও তিনি ইউনিয়ন উপ-স্বাস্থ্যকেন্দ্রসমূহে কর্মরত আয়াদের সম্মানী প্রদানের জন্য তহবিল গঠনের প্রস্তাব রাখেন। | সিদ্ধান্ত-৭.১ঃ<br>১। সকল ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।<br>২। সকল ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে ঔষধ রেজিস্টার নিয়মিত হালনাগাদ রাখার জন্য বলা হলো।<br>৩। ইউনিয়ন স্বাস্থ্য সহায়তা কমিটির সভাসমূহ নিয়মিত আয়োজনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা কৃষি দপ্তর | আলোচনা-৭.২ঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এ উপজেলায় মোট কৃষি জমির পরিমাণ ৭,৭০০ হেক্টর। বোতলাগাড়ী ইউনিয়নের বড়দহের নিকটস্থ নদীর দুই ধার দিয়ে চাষাবাদের সুবিধার্থে বিদ্যুৎ সংযোগ প্রয়োজন। বোরো মৌসুমে লক্ষমাত্রা অনুযায়ী বীজতলা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। মাঠে বিদ্যমান অন্যান্য ফসলের অবস্থা মোটামুটি ভালো। সার ও তেলের মজুদ যথেষ্ট পরিমাণে রয়েছে। এছাড়া কৃষি বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকি করা হচ্ছে। | সিদ্ধান্ত-৭.২ঃ ১। কৃষির বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকির জন্য অনুরোধ জানানো হলো।<br>২। সমলয় চাষের প্রস্তাব প্রেরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে ৫০ একর জমি নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।<br>৩। অর্গানিক চাষের পরিমাণ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | আলোচনা-৭.৩ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় মোট খামারি ৫৫৯ জন, মোট গরু প্রায় ১,০০,০০০ (এক লক্ষ) টি এবং ছাগল প্রায় ৭০,০০০ (সত্তর হাজার) টি। উপজেলার ১৬টি গ্রুপে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ক্ষুরা রোগের প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে। ভ্যাকসিন সরবরাহ কম থাকায় তা বৃদ্ধিতে তিনি সহায়তা কামনা করেন। দুধ, ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে তাঁর দপ্তর হতে মাঠ পর্যায়ে টিকাদানসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও গবাদিপশুর চিকিৎসাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। খামার স্থাপন, ঘাস চাষসহ ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | সিদ্ধান্ত-৭.৩ঃ<br>১। বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে ডিম ও মাংস উৎপাদন বৃদ্ধিসহ গৃহপালিত পশু-পাখির রোগবালাই প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ করা হলো।<br>২। পৌরসভার অভ্যন্তরে স্লটার হাউস তৈরির জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>৩। দুধে ভেজাল পেলে আইন-শৃঙ্খলা বাহিনীকে দ্রুত অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | আলোচনা-৭.৪ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় ৩৩০৭টি চাষের পুকুর রয়েছে। শীত মৌসুমে মাছের রোগবালাই বৃদ্ধি পায়। এ বিষয়ে সচেতনতা তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া সৈয়দপুর উপজেলায় বিভিন্ন প্রজাতির মৎস্য চাষ বৃদ্ধির লক্ষ্যে একাধিক পদক্ষেপ গ্রহণসহ মৎস্য চাষের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও বিভিন্ন সহায়তা তাঁর দপ্তর হতে প্রদান করা হচ্ছে। | সিদ্ধান্ত-৭.৪ঃ<br>১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে এ উপজেলায় দেশীয় মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br>২। কারেন্ট জালসহ বিভিন্ন নিষিদ্ধ উপকরণ ব্যবহার করে মাছ ধরা রোধে মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ১০০ শয্যা হাসপাতাল | আলোচনা-৭.৫ঃ আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল সভায় জানান যে, হাসপাতালের চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনা-৭.৫ঃ আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতালকে হাসপাতালে দালালদের দৌরাত্ম্য প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল |



CamScanner

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা সমাজসেবা দপ্তর | আলোচনা-৭.৬ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় মোট ৫৪ ধরণের কার্যক্রম চলমান রয়েছে। সৈয়দপুরে ০৬ ক্যাটাগরিতে মোট ২০,৬৭৬ জন সুবিধাভোগীর মাঝে নিয়মিত ভাতা বিতরণ করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.৬ঃ<br>১। উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সকল ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।<br>২। মোবাইল প্রতারকদের বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১। মেয়র সৈয়দপুর পৌরসভা<br><br>২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br><br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা শিক্ষা দপ্তর | আলোচনা-৭.৭ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, রেলওয়ে সার্বর্ডিনেট কলোনি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং চওড়া কুমারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণের বরাদ্দ পাওয়া গেছে। তবে চওড়া হাটের কিছু দোকান চওড়া কুমারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানার ভেতরে থাকায় প্রাচীর নির্মাণ করা যাচ্ছেনা। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনসহ তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.৭ঃ উপজেলা শিক্ষা অফিসারকে এ উপজেলার প্রকৃত ঝরে পড়া শিক্ষার্থীর হার নির্ণয়ের জন্য অনুরোধ করা হলো। অনুপস্থিত ছাত্র/ছাত্রীদের বাড়ি বাড়ি গিয়ে তার পরিবারের সাথে আলোচনাপূর্বক অনুপস্থিত থাকার কারণটি প্রধান শিক্ষকের দায়িত্বে লিপিবদ্ধ করে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ জানানো হলো। | উপজেলা শিক্ষা অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | আলোচনা-৭.৮ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২৪ সালের নতুন বই বিতরণ সম্পন্ন হয়েছে। নতুন কারিকুলামের বিষয়ে পর্যায়ক্রমে সকলকে প্রশিক্ষণ প্রদান করা হবে। শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা চলমান রয়েছে। ২১ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখে ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠান আয়োজন করা হবে। এছাড়া বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। | সিদ্ধান্ত-৭.৮ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রত্যন্ত অঞ্চলের বিদ্যালয়সমূহে মানসম্মত শিক্ষা প্রদানের লক্ষ্যে মনিটরিং বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হলো। যে সকল স্কুল বা মাদ্রাসায় ছাত্র/ছাত্রীদের উল্লেখ্যযোগ্য উপস্থিতি নেই এবং ফলাফল সন্তোষজনক নয়, সেগুলো পরিদর্শন করে পরবর্তী সভায় পেশ করার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| উপজেলা খাদ্য দপ্তর | আলোচনা-৭.৯ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচির সুবিধাভোগীদের ডাটাবেইজ তৈরির কাজ চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.৯ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে খাদ্য গুদামে কর্মরত শ্রমিকদের ডাটাবেইজ তৈরির জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা নির্বাচন দপ্তর | আলোচনা-৭.১০ঃ উপজেলা নির্বাচন অফিসার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। এছাড়া তিনি জানান যে, নতুন ভোটার নিবন্ধনসহ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১০ঃ উপজেলা নির্বাচন অফিসারকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন অফিসার |
| উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | আলোচনা-৭.১১ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, জন্ম নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা বিষয়ে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসে ইমপ্লান্ট-৬৫টি, স্বাভাবিক প্রসব-৬৩টি, সিজারিয়ান-০০টি এবং মৃত জন্ম-০০টি। তিনি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রসমূহে বিদ্যমান কমিটিগুলোর সভা নিয়মিত আয়োজনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১১ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সৈয়দপুরকে কমিউনিটি ক্লিনিকগুলোর কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br><br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | আলোচনা-৭.১২ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ দপ্তরের অন্যান্য প্রকল্প বা কর্মসূচির কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.১২ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |



CamScanner

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | **আলোচনা-৭.১৩ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন ভাতাভোগীদের ভাতা প্রদান ও ক্ষুদ্র ঋণ কার্যক্রমসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া বাল্যবিবাহ প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক আয়োজনের কাজ চলমান রয়েছে। | **সিদ্ধান্ত-৭.১৩ঃ**<br>১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বাল্যবিবাহ প্রতিরোধসহ VWB ও মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।<br>২। বিবাহ ও তালাক নিবন্ধনে সরকার কর্তৃক নির্ধারিত ফি'র হার ব্যাপকভাবে প্রচার করার জন্য অনুরোধ জানানো হলো। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | **আলোচনা-৭.১৪ঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, চলতি বরাদ্দের বিপরীতে টিউবওয়েলের সকল তালিকা পাওয়া গেছে। বাস্তবায়নের কাজ চলমান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৭.১৪ঃ** বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়দপুরকে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়দপুর |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | **আলোচনা-৭.১৫ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, হেরিং বোন বন্ড প্রকল্পের আওতায় ০১টি রাস্তার কাজ চলমান রয়েছে। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। | **সিদ্ধান্ত-৭.১৫ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রকল্পসমূহ সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।<br>গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় দপ্তর | **আলোচনা-৭.১৬ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের আওতায় মোট ১৮৫টি সমিতি রয়েছে। বর্তমানে সমিতিগুলোকে উৎপাদনমুখী করার চেষ্টা চলছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৭.১৬ঃ** উপজেলা সমবায় কর্মকর্তাকে সমিতিগুলো নিয়মিত পরিদর্শন করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও সর্বজনীন পেনশন স্কিমের আওতায় অন্তর্ভুক্ত হওয়ার বিষয়ে সমিতির সদস্যদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ব্যাপক প্রচারের অনুরোধ জানানো হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা পরিসংখ্যান দপ্তর | **আলোচনা-৭.১৭ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলার মোট জনসংখ্যা ৩,১২,৯৮৮ জন। শীঘ্রই অর্থনৈতিক শুমারি শুরু হবে। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৭.১৭ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অর্থনৈতিক শুমারি সুষ্ঠুভাবে সম্পন্ন করাসহ তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| উপজেলা আনসার-ভিডিপি দপ্তর | **আলোচনা-৭.১৮ঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, চলমান অবরোধ কর্মসূচিতে গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিরাপত্তার লক্ষ্যে আনসার-ভিডিপি সদস্যগণ কর্মরত রয়েছেন। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৭.১৮ঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করাসহ রাতের নিরাপত্তা ডিউটি জোরদারকরণের অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর | **আলোচনা-৭.১৯ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, চলতি অর্থবছরে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | **সিদ্ধান্ত-৭.১৯ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে যুব প্রশিক্ষণ, ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | **আলোচনা-৭.২০ঃ** সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, আসন্ন শুষ্ক মৌসুমে অগ্নিকান্ড প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। | **সিদ্ধান্ত-৭.২০ঃ** সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| উপজেলা বন বিভাগ | **আলোচনা-৭.২১ঃ** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে এ উপজেলায় ১০ কিঃ মিঃ সামাজিক বনায়ন তৈরি করা হবে। তাঁর দপ্তর হতে বিভিন্ন জাতের বনজ ও ফলদ গাছের চারা উৎপাদন ও বিক্রয় চলছে। এছাড়াও তিনি জানান যে, সামাজিক বনায়নগুলো নিয়মিত তদারকি করা হয়। | **সিদ্ধান্ত-৭.২১ঃ** ১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।<br>২) সামাজিক বনায়নের পরিমাণ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র |



CamScanner

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| পল্লী সঞ্চয় ব্যাংক | আলোচনা-৭.২২ঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুর সভায় জানান যে, এ উপজেলায় মোট ১৩৫টি গ্রুপ রয়েছে। মোট সদস্য সংখ্যা প্রায় ৬০০ জন। ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আদায়ের হার বর্তমানে ৫০%। | সিদ্ধান্ত-৭.২২ঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুরকে ঋণ আদায়ের হার বৃদ্ধির জন্য অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | আলোচনা-৭.২৩ঃ উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের আওতায় এ উপজেলায় মোট ১০১টি সমিতি রয়েছে। মোট ২,৪৮৯ জনের মাঝে ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে আদায়ের হার ৯৮%। | সিদ্ধান্ত-৭.২৩ঃ উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| পরিদর্শক (পাট) এর কার্যালয় | আলোচনা-৭.২৪ঃ পরিদর্শক (পাট) সভায় জানান যে, "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" শতভাগ বাস্তবায়নের নিমিত্ত নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনার কাজ চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবকিভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.২৪ঃ পরিদর্শক (পাট)'কে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | পরিদর্শক (পাট) |
| উপজেলা পাট উন্নয়ন দপ্তর | আলোচনা-৭.২৫ঃ উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.২৫ঃ উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | আলোচনা-৭.২৬ঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, ৬ষ্ঠ পর্যায়ের (২০২১-২০২২ অর্থবছর) উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.২৬ঃ ২০২১-২০২২ অর্থবছরের উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| তথ্য আপা | আলোচনা-৭.২৭ঃ তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তর হতে উপজেলার প্রত্যেক বাড়ি বাড়ি গিয়ে তথ্য সহায়তা প্রদান করা হচ্ছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সহায়তা প্রদানসহ উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। এছাড়াও তিনি বলেন যে, তাঁর দপ্তর হতে নারীদের ওজন, ডায়বেটিস, ব্লাড প্রেসার বিনামূল্যে মেপে দেয়ার কাজ চলছে। | সিদ্ধান্ত-৭.২৭ঃ তথ্যসেবা কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | তথ্যসেবা কর্মকর্তা |
| উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর | আলোচনা-৭.২৮ঃ সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, হার পাওয়ার প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কর্মসূচি চলমান রয়েছে। এছাড়া ওয়েব পোর্টাল হালনাগাদকরণসহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.২৮ঃ সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুরকে এ উপজেলার প্রত্যেক ইউনিয়ন/অফিসের প্রকল্পসমূহ ওয়েব পোর্টালে আপলোড এবং ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ হলো। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর |
| পল্লী জীবিকায়ন প্রকল্প | আলোচনা-৭.২৯ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.২৯ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি সৈয়দপুর'কে আশ্রয়ণ প্রকল্পসমূহে সমিতি গঠনের অনুরোধসহ তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি |
| ইউনিয়ন পরিষদ | আলোচনা-৭.৩০ঃ সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ নিম্নোক্তভাবে তাঁদের বক্তব্য উপস্থাপন করেনঃ চেয়ারম্যান, কামারপুকুর, বাঙ্গালীপুর, খাতামধুপুর, বোতলাগাড়ী ও কাশিরামবেলপুকুর ইউপি সভায় জানান যে, তাঁদের ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | সিদ্ধান্ত-৭.৩০ঃ সকল ইউপি চেয়ারম্যানকে ইউনিয়নের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও তদারকি করার জন্য অনুরোধ করা হলো। | ইউপি চেয়ারম্যান (সকল) |



CamScanner

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| বিবিধঃ | আলোচনা-৮ঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বিষয়ে উপস্থাপন করেন এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত প্রচারণা পত্র পাঠ করে শোনান। "খাদ্যে ভেজাল ও দূষণ খাদ্য প্রতিরোধে সামাজিক আন্দোলন"-এ বিষয়ে জেলা পর্যায়ে পাবলিক মিটিং আয়োজনের সম্ভাব্য রূপরেখা পাওয়া গেছে। তারই আলোকে উপজেলা পর্যায়ে সচেতনতামূলক আলোচনা সভা, ভিডিও ও প্রচারপত্র প্রদর্শনী এবং মাইকিং এর মাধ্যমে প্রচারণামূলক কর্মসূচি প্রণয়নপূর্বক বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্ত-৮ঃ বিস্তারিত আলোচনান্তে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র সৈয়দপুর পৌরসভা<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |

০৯। উপজেলা নির্বাহী অফিসার সভায় এ উপজেলায় জঙ্গী তৎপরতা রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধ করা ও জনসচেতনতা বৃদ্ধি করাসহ মসজিদের ইমামগণকে জঙ্গী তৎপরতার কুফল সম্পর্কে খুতবার শেষে বক্তব্য প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। জঙ্গীবাদের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধিতে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।

১০। সভাপতি সভায় বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর হতে প্রাপ্ত মানবপাচার রোধ সংক্রান্ত পত্র সভায় উপস্থাপন করেন। এ উপজেলায় মানবপাচার রোধ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মানবপাচার রোধে জনসচেতনতা বৃদ্ধিতে মসজিদে জুম্মার নামাজের খুতবার পূর্বে আলোচনা করার জন্য মসজিদের ইমামগণকে অনুরোধ করা হয়। এছাড়াও মানবপাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা ও সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

১১। সভায় উল্লেখ করা হয় যে, উপজেলা পরিষদের অফিস কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে একটি মিনি ফটোকপিয়ার মেশিন ক্রয় করা প্রয়োজন। উল্লেখ্য, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়াধীন স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ১৬/০২/২০২০ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (চ) নং ক্রমিকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিষদের TO&E-ভুক্ত অফিস সরঞ্জাম এক অর্থবছরে সর্বোচ্চ =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ক্রয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হতে জরুরিভিত্তিতে একটি উন্নতমানের মিনি ফটোকপিয়ার মেশিন ক্রয়ের বিষয়টি সভায় উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অফিস কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে "সৈয়দপুর উপজেলা পরিষদের ফটোকপিয়ার মেশিন ক্রয়" এর জন্য ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হতে =২৫,০০০/- (পঁচিশ হাজর) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে সরাসরি ক্রয় পদ্ধতিতে জরুরিভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

১২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সৈয়দপুর সভায় জানান যে, সৈয়দপুর উপজেলা পরিষদের আবাসিক এলাকার রজনীগন্ধা ভবনের পানির লাইন নষ্ট হওয়ায় পানি ব্যবহারের ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। উল্লেখ্য, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়াধীন স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ১৬/০২/২০২০ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট) নং ক্রমিকে পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত ও ক্রয় ইত্যাদির ক্ষেত্রে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। পরিষদের পানির লাইনের সমস্যাটি নিরসনে ইতোপূর্বে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মৌখিক নির্দেশনামতে =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে; যা ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে প্রকল্প কমিটির মাধ্যমে জরুরিভিত্তিতে বাস্তবায়নের জন্য তিনি সভায় উপস্থাপন করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে "সৈয়দপুর উপজেলা পরিষদের আবাসিক এলাকার রজনীগন্ধা ভবনের পানির লাইন মেরামত" এর জন্য ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে নিম্নবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে জরুরিভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

**প্রকল্প: "সৈয়দপুর উপজেলা পরিষদের আবাসিক এলাকার রজনীগন্ধা ভবনের পানির লাইন মেরামত =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।"**

**<u>প্রকল্প বাস্তবায়ন কমিটি</u>**

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১ | মোঃ আনোয়ার হোসেন সরকার | ইউপি চেয়ারম্যান | সভাপতি |
| ০২ | মোছাঃ হোসনে আরা | সংরক্ষিত মহিলা সদস্য, কামারপুকুর ইউপি | সদস্য সচিব |
| ০৩ | আব্দুর রউফ | শিক্ষক | সদস্য |
| ০৪ | মোঃ জমির উদ্দিন | ইমাম | সদস্য |
| ০৫ | মোঃ মশিয়ার রহমান | সমাজকর্মী | সদস্য |
| ০৬ | মোঃ নজরুল ইসলাম | আনসার-ভিডিপি সদস্য | সদস্য |
| ০৭ | মোঃ হাসেম আলী | গণ্যমান্য ব্যক্তি | সদস্য |



CamScanner

১৩। আলোচনাঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সৈয়দপুর সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরের জুন'২০২৩ মাসের শেষের দিক স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় থেকে সৈয়দপুর উপজেলা পরিষদ কর্তৃক প্রেরিত চাহিদার ভিত্তিতে সৈয়দপুর উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়ালের (৫২ মিটার নতুন, ৮৫ মিটার উর্দ্ধমুখী বর্ধিতকরণ এবং সম্পূর্ণ ওয়ালের সংস্কার ও তারকাটা দিয়ে নিরাপত্তা নিশ্চিতকরণ) ৩০.৩৪ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া যায়। কিন্তু ২০২২-২৩ অর্থবছরের শেষ সময়ে এ কাজ করা সম্ভবপর ছিল না এবং ২০২৩-২৪ অর্থবছরের শুরুতে উপজেলা পরিষদ রাজস্বের ফান্ডে এত টাকার সংস্থান না থাকায় এবং পরবর্তীতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন আসন্ন হওয়ায় তৎকালীন উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের পরামর্শক্রমে বাউন্ডারি ওয়ালের কাজ স্থগিত রাখা হয়। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন শেষে এবং উপজেলা পরিষদের রাজস্ব ফান্ডে পর্যাপ্ত টাকার সংস্থান থাকায় উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শক্রমে উক্ত বাউন্ডারি ওয়ালের কাজ বাস্তবায়নের প্রস্তুতি নেওয়া হয় এবং এতে কিছু পরিবর্তন আনা হয়, ৫২ মিটার নতুন ওয়ালের পরিবর্তে ৮১ মিটার নতুন ওয়াল, ৮৫ মিটার উর্দ্ধমুখী বর্ধিতকরণের পরিবর্তে ১৬২ মিটার উর্দ্ধমুখী বর্ধিতকরণ এবং সম্পূর্ণ ওয়ালের সংস্কার ও তারকাটা দিয়ে নিরাপত্তা নিশ্চিতকরণ এবং এর প্রাক্কলন ৩০.৩৪ লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। টেন্ডার করার অনুমোদন পেলে বাউন্ডারি ওয়াল বাস্তবায়নের কাজ আরম্ভ করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব ফান্ডে টাকার স্থিতি থাকাবস্থায় টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন এবং সমস্ত কাজ শেষকরণ এবং ঠিকাদারকে তার পাওনা এ অর্থবছরে পরিশোধের লক্ষ্যে RFQ পদ্ধতিতে টেন্ডার প্রক্রিয়া সম্পন্নকরণে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং নিম্নোক্ত প্যাকেজওয়ারী কাজগুলো দ্রুত বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সৈয়দপুর'কে অনুরোধ করা হলো।

**সৈয়দপুর উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল মেরামতের প্যাকেজ (Package Summary):**

| ক্রমিক নং | প্যাকেজ নং | কাজের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | Sayed/Boun/2023-24/03 | উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত (অংশ-১) | ৫,৯৪,১২৭.০০ |
| ০২ | Sayed/Boun/2023-24/04 | উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত (কাটা তার) (অংশ-২) | ৫,৯৯,২০১.০০ |
| ০৩ | Sayed/Boun/2023-24/05 | উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত (অংশ-৩) | ৪,৮০,০০০.০০ |
| ০৪ | Sayed/Boun/2023-24/06 | উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত (অংশ-৪) | ৪,৯৪,২০৩.০০ |
| ০৫ | Sayed/Boun/2023-24/07 | উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত (Rising boundary wall 164+46m) (অংশ-৫) | ৫,০৯,০১৬.০০ |
| ০৬ | Sayed/Boun/2023-24/08 | উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ (নতুন বাউন্ডারি ওয়াল ৮১ মিটার) (অংশ-৬) | ৩,৫৭,৫৩৭.০০ |
| | | মোট= | ৩০,৩৪,০৮৪.০০ |

১৪। আলোচনাঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সৈয়দপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের ডরমেটরি ভবনের সামনের বাউন্ডারি ওয়ালের পরিত্যক্ত ইট এবং আনসার ব্যারাকের সামনের পরিত্যক্ত ওয়ালের ইট এবং উপজেলা পরিষদের বিভিন্ন জায়গায় পড়ে থাকা ইটগুলো পরিষ্কার করে পুনঃব্যবহার করা যেতে পারে, বিশেষ করে পরিষদের আবাসিক পুকুরের উত্তর ও পশ্চিম পাশে রাস্তা সংলগ্ন পুকুরপাড়ের মাটি বর্ষাকালে রাস্তায় আসায় কর্দমাক্ততার সৃষ্টি হয়, যা রোধে এক ফুট উচ্চতার ইটের গাঁথুনি করা যেতে পারে। একইভাবে, অফিস চত্বরের পুকুরে সৈয়দপুর পৌরসভার ০৮ নং ওয়ার্ডের সমস্ত ময়লা ড্রেনের মাধ্যমে এসে পড়ে, যা কোনভাবেই কাম্য নয়। এখানে একটি ইটের বিকল্প ড্রেন করে কেন্দ্রীয় ড্রেনের সাথে সংযুক্ত করতে পারলে পুকুরটি পরিষ্কার থাকবে এবং অফিস চত্বরের পরিবেশ উন্নত হবে। তাছাড়া উপজেলা পরিষদের কয়েকটি গাছের নিচে সেবাগ্রহীতাদের বসার জায়গাগুলো পরিত্যক্ত প্রায়, এসব বসার জায়গাগুলোও উন্নত করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের পরিত্যক্ত ইটগুলো ব্যবহার করে আবাসিক এলাকার পুকুর সংলগ্ন রাস্তায় কর্দমাক্ততা প্রতিরোধে এক ফুট উচ্চতার ইটের গাঁথুনি করে সেখানে ফুলের বাগান তৈরি করা, অফিস চত্বরের পুকুরের বাউন্ডারি ওয়াল সংলগ্ন ইটের ড্রেন এবং সেবাগ্রহীতাদের জন্য পরিষদ চত্বরের গাছের নিচে বসার জায়গাগুলোকে উন্নত করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধন্ত গৃহিত হয় এবং তা বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সৈয়দপুর'কে অনুরোধ করা হলো।

১৫। আলোচনা: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জনসাধারণের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরণে ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য শনাক্তকরণে মোবাইল কোর্ট পরিচালনাকালে এ বিষয়ে সতর্কীকরণ ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জনস্বার্থে একটি হ্যান্ডমাইক জরুরিভিত্তিতে সরাসরি ক্রয় পদ্ধতিতে =৯,৮৪০/- টাকা, ভ্যাট=১,৮০০/- টাকা ও আয়কর=৩৬০/- টাকা; মোট=১২,০০০/- টাকায় ক্রয় করা হয়েছে, যা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ন): "ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য শনাক্তকরণ কিট ইত্যাদি ক্রয়" খাত হতে পরিশোধে উপজেলা পরিষদে অনুমোদনের বিষয়টি সভায় উপস্থাপন করেন।

**সিদ্ধান্তঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য শনাক্তকরণে মোবাইল কোর্ট পরিচালনাকালে এ বিষয়ে সতর্কীকরণ ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় একটি হ্যান্ডমাইক জনস্বার্থে ক্রয় বাবদ =৯,৮৪০/- টাকা, ভ্যাট=১,৮০০/- টাকা ও আয়কর=৩৬০/- টাকা; মোট=১২,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ন): "ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য শনাক্তকরণ কিট ইত্যাদি ক্রয়" খাত হতে পরিশোধে সর্বসম্মতিক্রমে ভূতাপেক্ষভাবে অনুমোদন করা হয়।



CamScanner

১৬। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়:

| ক্রঃ নং | তহবিল/খাত | ব্যয়ের বিবরণ | ব্যয়ের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ধ): "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হতে | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের ডিসেম্বর/২০২৩ মাসের সম্মানী | ২৭,০০০/- |
| ২. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ধ): "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হতে | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের ডিসেম্বর/২০২৩ মাসের সম্মানী | ২৭,০০০/- |
| ৩. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ত): "মালী/সুইপার নিয়োগ" খাত হতে | উপজেলা পরিষদের মালীর ডিসেম্বর/২০২৩ মাসের মজুরি | ১৫,৪০০/- |
| ৪. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ত): "মালী/সুইপার নিয়োগ" খাত হতে | উপজেলা পরিষদের সুইপারের ডিসেম্বর/২০২৩ মাসের মজুরি | ১৫,৪০০/- |
| ৫. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (জ): "আপ্যায়ন ব্যয়" খাত হতে | উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় | ২৬,৮৫০/- |
| ৬. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঝ): "আনুষঙ্গিক" খাত হতে | উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয় | ৪,৪৭৫/- |
| ৭. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | উপজেলা পরিষদের কম্পিউটার মেরামত ব্যয় | ৪,২৯৬/- |
| ৮. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঝ): "আনুষঙ্গিক", ৩ (জ): "আপ্যায়ন ব্যয়" এবং ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | ভ্যাট বাবদঃ ডিসেম্বর/২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয় (৩৭৫/-), ডিসেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় (২,২৫০/-), উপজেলা পরিষদের কম্পিউটার মেরামত ব্যয় (৩৬০/-) | ২,৯৮৫/- |
| ৯. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঝ): "আনুষঙ্গিক", ৩ (জ): "আপ্যায়ন ব্যয়" এবং ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | আয়কর বাবদঃ ডিসেম্বর/২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয় (১৫০/-), ডিসেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় (৯০০/-), উপজেলা পরিষদের কম্পিউটার মেরামত ব্যয় (১৪৪/-) | ১,১৯৪/- |
| ১০. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ন): "ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য শনাক্তকরণ কিট ইত্যাদি ক্রয়" খাত হতে | মোবাইল কোর্ট পরিচালনার জন্য ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য শনাক্তকরণ কিট ইত্যাদি ক্রয় | ২২,৩৭৫/- |
| ১১. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ন): "ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য শনাক্তকরণ কিট ইত্যাদি ক্রয়" খাত হতে | মোবাইল কোর্ট পরিচালনার জন্য ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য শনাক্তকরণ কিট ইত্যাদি ক্রয়ের ভ্যাট বাবদ | ১,৮৭৫/- |
| ১২. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ন): "ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য শনাক্তকরণ কিট ইত্যাদি ক্রয়" খাত হতে | মোবাইল কোর্ট পরিচালনার জন্য ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য শনাক্তকরণ কিট ইত্যাদি ক্রয়ের আয়কর বাবদ | ৭৫০/- |
| ১৩. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ১০ আগস্ট ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ নং স্মারক মোতাবেক উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানি খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয়করণের নির্দেশনা মোতাবেক | উপজেলা পরিষদের বৈদ্যুতিক মেরামত ব্যয় (২১,৭৪৮/-) এবং উপজেলা পরিষদের জীপগাড়ির ডিসেম্বর/২০২৩ মাসের জ্বালানি ব্যয় (২৫,১৮২/-) | ৪৬,৯৩০/- |
| ১৪. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ১০ আগস্ট ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ নং স্মারক মোতাবেক উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানি খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয়করণের নির্দেশনা মোতাবেক | ভ্যাট বাবদ: উপজেলা পরিষদের বৈদ্যুতিক মেরামত ব্যয় (১,৮২৩/-) এবং উপজেলা পরিষদের জীপগাড়ির ডিসেম্বর/২০২৩ মাসের জ্বালানি ব্যয় (১,৮৮৯/-) | ৩,৭১২/- |
| ১৫. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | উপজেলা পরিষদের বৈদ্যুতিক মেরামত ব্যয়ের আয়কর | ৭২৯/- |



CamScanner

| ক্রঃ নং | তহবিল/খাত | ব্যয়ের বিবরণ | ব্যয়ের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১৬. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (প): "ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" খাত হতে | উপজেলা পরিষদের সিসি ক্যামেরা মেরামত ব্যয় | ৯,৩৯৭/- |
| ১৭. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (প): "ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" খাত হতে | উপজেলা পরিষদের সিসি ক্যামেরা মেরামত ব্যয়ের ভ্যাট | ৭৮৮/- |
| ১৮. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (প): "ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" খাত হতে | উপজেলা পরিষদের সিসি ক্যামেরা মেরামত ব্যয়ের আয়কর | ৩১৫/- |
| ১৯. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঘ): "অপ্রত্যাশিত খাতে ব্যয়" হতে | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে সহায়তা | ১০,০০০/- |

১৭। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/১/২৪
(মোঃ আজমল হোসেন)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী

উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী
www.syedpur.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৮৫.০০০.০৩.০০২.২৩- ৬৪

তারিখঃ ১৮ জানুয়ারি ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫ নীলফামারী-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী।

০৭। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

০৮। উপজেলা ............................................ ............................ ..................অফিসার, সৈয়দপুর, নীলফামারী।

০৯। চেয়ারম্যান,..............................................................................................ইউপি (সকল), সৈয়দপুর, নীলফামারী।

১০। জনাব.........................................................................., সংরক্ষিত নারী সদস্য, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

১১। জনাব........................................................................................................................, সৈয়দপুর, নীলফামারী।

১২। অফিস কপি।

১৮/০১/২০২৪
(মুহাম্মদ ইসমাঈল)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী
ফোন: ০২৫৮৯৯৫৬৯০১
ইমেইলঃ unosyedpur@mopa.gov.bd



CamScanner